

🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ৭৯

আরবি মূল আয়াত:

فَانتَقَمنَا مِنهُم وَ إِنَّهُمَا لَبِإِمَامٍ مُّبِينٍ ﴿ ٢٩٧﴾

অতঃপর আমি তাদের থেকে প্রতিশোধ নিলাম। আর এ (জনপদ) দু'টি উন্মুক্ত রাস্তার পাশেই বিদ্যমান। — আল-বায়ান

কাজেই তাদের উপর প্রতিশোধ নিয়েছিলাম, এ দু'টো জনপদই প্রকাশ্য পথের উপর অবস্থিত। — তাইসিরুল সুতরাং আমি তাদেরকে শাস্তি দিয়েছি, ওদের উভয়ই প্রকাশ্য পথপার্শ্বে অবস্থিত। — মুজিবুর রহমান

So We took retribution from them, and indeed, both [cities] are on a clear highway. — Sahih International

৭৯. অতঃপর আমরা তাদের থেকে প্রতিশোধ নিলাম, আর এ জনপদ দু'টিই প্রকাশ্য পথের পাশে অবস্থিত।

তাফসীরে জাকারিয়া

(৭৯) সুতরাং আমি তাদের নিকট থেকে প্রতিশোধ নিয়েছি; ওদের উভয়ই তো প্রকাশ্য পথপাশে অবস্থিত।[1]

[1] إمام مبين (প্রকাশ্য পথ)এর অর্থও আম রাস্তা, যে রাস্তা দিয়ে লোক দিনরাত্রি যাওয়া-আসা করে। উভয় শহর বলতে লূত সম্প্রদায়ের শহর ও শুআইব জাতির বসতি মাদয়্যানকে বুঝানো হয়েছে। এই দুই শহর ছিল একে অপরের সন্নিকটে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1881

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন